প্রথার উন্নতি

মহামান্য লর্ড বোনোমি কৃত

2002 সালের বিচারপতিদের উচ্চ আদালতের প্রথা এবং পদ্ধতির পর্যালোচনা সংক্রান্ত

প্রতিবেদনের সারসংক্ষেপ

ভূমিকা

1. ডিসেম্বর, 2001 সালে ডেপুটি ফার্স্ট মিনিস্টার মহামান্য লর্ড বোনোমিকে বিচারপতিদের উচ্চ আদালতে যে সব উপলব্ধ অদক্ষতাগুলি আছে সেগুলি তদন্ত করা এবং সে সম্পর্কে প্রতিবেদন প্রস্তুত করার জন্য আমন্ত্রণ জানানো হয়। পর্যালোচনাটিতে যে যে বিষয় সম্পর্কে জানতে চাওয়া হয়েছে সেগুলি হলঃ

> "উচ্চ আদালতের ওপর কাজকর্মের চাপ যে ক্রমশ বাড়ছে সেই পরিপ্রেক্ষিতে উচ্চ আদালতের প্রাথমিক এক্তিয়ারভুক্ত কাজের বন্দোবস্তগুলি পর্যালোচনা করা; আদালতের প্রথাগুলি এবং যাঁরা আদালতের কাজ করছেন এবং উচ্চ আদালতের ক্ষেত্রে প্রযোজ্য ফৌজদারি কার্যবিধিগুলি পর্যালোচনা করা; বিচারের স্বার্থে আদালতের সম্পদগুলির আরও ভাল ব্যবহার করার উদ্দেশ্যে সুপারিশ পেশ করা।"

2. এই পর্যালোচনাটি বিচারপতিদের উচ্চ আদালতের প্রাথমিক এক্তিয়ারভুক্ত কাজের বিষয়ে, অর্থাৎ একজন অভিযুক্তের বিরুদ্ধে মামলা শুরু হওয়া থেকে তার সাজা বা নির্দোষ প্রমাণ না হওয়া পর্যন্ত। এটি জুরিদের দ্বারা বিচার হয় এমন ফৌজদারি বিচার ব্যবস্থার প্রাথমিক গঠন পর্যন্ত বিস্তৃত নয় যেখানে প্রমাণের দায় বাদীপক্ষের, অথবা স্বতন্ত্র ফৌজদারি আইন বা সাক্ষ্যপ্রমাণভিত্তিক আইন এর বিষয় নয়। (প্রতিবেদনের অনুচ্ছেদ 1.1-1.4)।

পটভূমি

3. বিগত কয়েক বছরে এই উদ্বেগ ক্রমশ বেড়েছে যে বিচারপতিদের উচ্চ আদালত ততটা কার্যকরিভাবে বা দক্ষতার সঙ্গে কাজ করছে না যতটা স্কটল্যান্ডের প্রধান ফৌজদারি আদালতের নিকট থেকে আশা করা হয়। বেশ কয়েকটি উচ্চ গুরুত্বসম্পন্ন মামলায় এদিকে দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। এই রকম একটি মামলার প্রতিবেদন পাওয়ার পরেই এই পর্যালোচনাটি ঘোষণা করা হয় (প্রতিবেদনের অনুচ্ছেদ 1.1)।

অনুসৃত পদ্ধতিসমূহ

4. একটি পর্যালোচনা দল এবং একটি উল্লেখ গ্রুপ এর সহায়তায় লর্ড বোনোমি উচ্চ আদালতের কাজে যুক্ত সকলের সঙ্গে এবং বিধিবদ্ধ এবং স্বেচ্ছাসেবী এজেন্সীগুলির, যারা জাতিগত সাম্য এবং ক্ষতিগ্রস্তদের বিষয়গুলি সম্পর্কে আগ্রহী তাদের সঙ্গে এবং জনসাধারণের সঙ্গে, বিশেষত যাঁদের আদালতের কাজের অভিজ্ঞতা আছে, এই সকলের সঙ্গে ব্যাপক আলোচনা শুরু করেন। উচ্চ আদালতের নথিগুলি সম্পর্কে গবেষণা 1995 থেকে 2001 সাল পর্যন্ত রেকর্ডগুলিতে মনোযোগ নিবদ্ধ রাখে। আদালতের কাজকর্মের ধরন এবং পরিমাণের পরিবর্তনগুলি পরীক্ষার করার জন্যই এই গবেষণা করা হয়েছে (প্রতিবেদনের অনুচ্ছেদ 2.1-2.12)।

সমস্যাটি চিহ্নিত করা

5. বহুদিন ধরে উচ্চ আদালত সম্পদগুলির ওপর ক্রমবর্ধমান চাপ সামলেছে, বিশেষত বিগত শতাব্দীর শেষ সিকিভাগে যখন বিচারকদের সংখ্যা 18 থেকে বেড়ে দাঁড়ায় 32 । প্রাথমিক এক্তিয়ারভুক্ত ফৌজদারি মামলার কাজের পরিমাণ এখন মোটামুটি 50% বিচারের কাজের সময় নিয়ে নেয়।

6. 1995 থেকে 2001 সালের মধ্যে যে সব নতুন মামলা উচ্চ আদালতে (বিচারের জন্য) পাঠানো হয়েছে তার সংখ্যা 1195 থেকে বেড়ে দাঁড়িয়েছে 1468, অর্থাৎ 23% বেড়েছে। প্রধান সমস্যাটি অবশ্যই নতুন মামলার সংখ্যা বৃদ্ধি নয়, বরং এটা যে 59% ক্ষেত্রে মামলা চালু রাখার (মুলতুবি থাকার) অনুরোধ এবং তা অনুমোদনের সংখ্যা বৃদ্ধি। 2001 সালে মামলা মুলতুবি রাখার আদেশের জন্য 75% আবেদন বিবাদীপক্ষ করেছেন এবং ঐসব মামলার প্রায় 40% তে যে কারণ দেখান হয়েছে তা হল আত্মপক্ষসমর্থনের প্রস্তুতির জন্য আরও সময় দরকার। মামলাগুলিকে পরবর্তী কোনো তারিখ পর্যন্ত মুলতুবি রাখার ("মন্থন করা") সংখ্যা ক্রমাগত বাড়ছে কিন্তু সেগুলি আদালতে ওঠার পরে প্রথম বারেই ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না।

7. অনেক মামলা চালু রাখার অনুমোদন সেই দিন দেওয়া হয়েছে যেদিন বিচার স্থির করা হয়েছিল। এর ফলে সাক্ষী, ক্ষতিগ্রস্ত, তার পরিবার, সম্ভাব্য জুরির সদস্যগণ এবং জনসাধারণের সব থেকে বেশি অসুবিধা হয়েছে। কোনো কোনো ক্ষেত্রে মামলাটি চালু রাখার কারণ জনসাধারণকে জানতে দেওয়া হয় নি যার ফলে ক্ষতিগ্রস্ত এবং তাঁর পরিবার আরও উদ্বেগের সম্মুখীন হয়েছেন এবং তাঁরা মনে করেছেন যে আদালত নিজের কাজটি ঠিকমত করতে পারেন না এবং এতে ফৌজদারি বিচার ব্যবস্থার প্রতি জনসাধারণের আস্থা দুর্বল হয়েছে।

8. অতএব এই পর্যালোচনার সামনে চ্যালেঞ্জ ছিল এমন একটি পদ্ধতির ব্যবস্থা করা যার ফলে ক্ষতিগ্রস্ত, সাক্ষী এবং জুরির সদস্যদের আদালতে আসতে বলা হবে না যতক্ষণ পর্যন্ত না মামলাটি শুনানির জন্য প্রস্তুত হচ্ছে। 2001 সালে মাত্র 14% মামলা প্রথম শুনানির সময় বিচার পর্যন্ত এগিয়েছে (প্রতিবেদনের অনুচ্ছেদ 4.1-4.14)।

সমস্যার কারণগুলি

9. পরবর্তী অনুচ্ছেদগুলিতে সমস্যার কারণগুলি বর্ণনা করা হয়েছে।

10. মামলাটির প্রস্তুতি এবং ঘোষণা - ঐ সংক্রান্ত তত্ত্ব

অভিযুক্তের বিরুদ্ধে মামলাটির প্রস্তুতির সময় সরকারি অভিশংসক যিনি মামলাটির তদন্তের দায়িত্বে আছেন, নিয়মিতভাবে বিবাদীপক্ষের উকিলকে সাম্প্রতিকতম সাক্ষ্যপ্রমাণাদি যখনই পাওয়া যাবে তখনই সে সম্পর্কে অবহিত করবেন এবং আরও তথ্যের জন্য অনুরোধ এলে তাতে সাড়া দেবেন। এরপরে অভিযুক্তের বিরুদ্ধে নালিশগুলি জানানো হবে (একটি অভিযোগপত্রের মাধ্যমে) এবং তাঁকে কমপক্ষে সম্পূর্ণ 29 দিনের নোটিশ দিয়ে বিচারের তারিখ দেওয়া হবে। আশা করা হয় যে ঐ সময়ের মধ্যে বিবাদীপক্ষ তাঁদের প্রস্তুতি করে নিতে পারবেন যাতে নির্দিষ্ট তারিখেই বিচারটি হতে পারে।

11. মামলাটির প্রস্তুতি এবং ঘোষণা - ব্যবহারিক ক্ষেত্রে সমস্যা এবং দুর্বলতা।

ব্যবহারিক ক্ষেত্রে বিভিন্ন কারণে এই প্রক্রিয়াটি সব সময় মেনে চলা হয় না। বাদীপক্ষ তদন্ত এগোনোর সঙ্গে সঙ্গে নিয়মিত বিবাদীপক্ষকে যে সব সাক্ষ্যপ্রমাণ বেরিয়ে আসছে সে সম্পর্কে অবহিত করেন না, এবং কোনো কোনো ক্ষেত্রে বিবাদীপক্ষের কাছে অভিযোগপত্র পৌঁছোনোই বিবাদীর সাক্ষ্যপ্রমাণের চিহ্ন। অভিযোগপত্র দেওয়ার পরে আরও সাক্ষ্যপ্রমাণ দেওয়া হতে পারে এবং 2001 সালে অতিরিক্ত সাক্ষ্যপ্রমাণের নোটিশ বিবাদীপক্ষের কাছে পাঠানো হয়েছে 50% বেশি বিচার হয়েছে এমন মামলায়। মামলাটি বিচার করার জন্য জুরির সভ্যদের শপথ পাঠ করানোর দুদিন আগে পর্যন্ত অতিরিক্ত সাক্ষ্যপ্রমাণের নোটিশ বিবাদীপক্ষকে দেওয়া যায়।

12. বিবাদী এবং ফৌজদারি আদালতের মধ্যে যোগাযোগের অভাব

এমন কোনো বিধি নেই যার ফলে বিচারের আগে বাদী এবং বিবাদীপক্ষ একে অপরের সঙ্গে যোগাযোগ রাখতে বাধ্য হবেন, এর ফলে আদালতের কাজকর্মগুলি পরিকল্পনামাফিক চালানোর অসুবিধা হয় এবং শেষ মুহূর্তের আগে পর্যন্ত কোনো আপস-আলোচনার সম্ভাবনা বিলম্বিত হয়।

13. বিবাদীপক্ষকে নোটিশ দেওয়া।

অভিযুক্তকে কমপক্ষে 29 দিনের নোটিশ দিতে হবে এবং অনেক সংখ্যক মামলায় প্রস্তুতির জন্য বিবাদীর পক্ষে এটি যথেষ্ট সীমিত সময়।

14. অধিবেশন প্রক্রিয়া।

আদালতের 14 দিন ব্যাপী অধিবেশনগুলিতে মামলাগুলি বন্টন করা হয় এবং প্রায়শই এব্যাপারে অনিশ্চয়তা থাকে যে কখন মামলাটির শুনানি হবে বা শুনানি আদৌ হবে কি না। এই অনিশ্চয়তার কারণে বিবাদীপক্ষকে শেষ মুহূর্তে কৌঁসুলি বা সলিসিটর উকিল পরিবর্তন করতে হতে পারে।

15. কৌঁসুলি বা উপযুক্ত নির্দেশপ্রাপ্ত সলিসিটর উকিলের অপ্রাপ্যতা

বর্তমানে লিগ্যাল এইড পারিশ্রমিকের ক্রমবিন্যাসে কৌঁসুলিদের উৎসাহিত করা হয়েছে যাতে তাঁরা সেই সব মামলা সংক্রান্ত নথিগুলি ধরে রাখেন যেক্ষেত্রে তাঁদের মামলা লড়ার সম্ভাবনা খুবই কম যাতে তাঁরা সব থেকে বেশি সংখ্যক মামলায় লাভজনকভাবে নিয়োজিত হতে পারেন।

16. ফৌজদারি মামলায় লিগ্যাল এইড পারিশ্রমিক।

উচ্চ আদালতের প্রায় সবগুলি ফৌজদারি মামলার খরচ যোগান লিগ্যাল এইড্। কিছু কিছু খরচ যেমন একজন বিশেষজ্ঞ সাক্ষীর পারিশ্রমিক ইত্যাদির জন্য স্কটিশ লিগ্যাল এইড্ বোর্ডের অনুমোদন প্রয়োজন হয়। এই অনুমোদনের জন্য আবেদন করলে এবং সেটি লাভ করলে মামলাটি চলতে পারে।

17. অভিজ্ঞ কৌঁসুলিরা আইনি ব্যবসা ছেড়ে চলে যাচ্ছেন।

অভিজ্ঞ কৌঁসুলিরা তাৎপর্যপূর্ণভাবে আইন ব্যবসা ছেড়ে চলে গিয়ে শেরিফ হিসাবে নিযুক্ত হচ্ছেন কিন্তু উচ্চ আদালতে যে কৌঁসুলিরা নিয়মিত হাজির হচ্ছেন তাঁদের সংখ্যা একইভাবে বাড়ছে না।

18. অ্যান্ডারসনের প্রভাব - বনাম - এইচএমএ।

আইনজীবী এবং কৌসুলিরা অল্প সময়ের নোটিশে মামলা হাতে নেওয়ার ক্ষেত্রে বেশি সতর্ক এবং অনিচ্ছুক থাকছেন, *অ্যানডারসন বনাম এইচএমএ* মামলার রায় বেরোনোর পরে যাতে দেখা গেছে যে অভিযুক্তের আত্মপক্ষসমর্থন পরিচালনা আইনের ব্যর্থতা হতে পারে।

19. প্রধান ব্যক্তিদের অনুপস্থিতি।

অভিযুক্ত বা সাক্ষীরা অনুপস্থিত হতে পারে।

20. অন্যান্য কারণসমূহ

মামলাটি বিচারের জন্য প্রস্তুত করার সময় কোনো পক্ষের নজরে কিছু এড়িয়ে যেতে পারে।

21. বর্তমান ব্যবস্থার অন্তর্নিহিত দুর্বলতা।

বিচারের ক্ষেত্রে উপযুক্ত পরিকল্পনার পথে বাধা বলে চিহ্নিত হয়েছে বর্তমান ব্যবস্থার তিনটি প্রধান বৈশিষ্ট্য;

- শুনানির প্রথম যেদিন অভিযুক্তকে বিচারের জন্য পাঠানো হয় সেটি অনেক ক্ষেত্রেই বিচারের নির্ধারিত তারিখ এবং বিচারের জন্য ফৌজদারি আদালতের প্রস্তুতির নির্ধারিত তারিখ বলে গণ্য করা হয় যেখানে তত্ত্ব অনুসারে এই দুটি নির্ধারিত লক্ষ্যের মধ্যে কমপক্ষে উনত্রিশ দিনের তফাত অবশ্যই থাকতে হবে।
- বহু সংখ্যক মামলার ক্ষেত্রে বিচারের দিনটি আদৌ বিচারের জন্য অধিবেশন নয় বরং একটি পদ্ধতিগত অধিবেশন যেখানে মামলাটির ভবিষ্যত পদ্ধতিগুলির দিকে খুব সামান্য নজর দেওয়া হয়।
- মামলাগুলি পরিকল্পনামাফিক বিচারের দিকে এগোবে কি না সে সম্পর্কে নিশ্চয়তা নেই।

22. এর ফলে এমন একটি ব্যবস্থা তৈরি হয়েছে যেটি খুব ত্রুটিপূর্ণভাবে সংগঠিত এবং যেটি ক্ষতিগ্রস্ত এবং সাক্ষীদের সুযোগসুবিধা বা মনোভাবের প্রতি কোনো দৃষ্টি না রেখেই চালানো হচ্ছে। ক্ষতিগ্রস্ত এবং সাক্ষীরা প্রায়ই বিচারের চাপের জন্য নিজেদের প্রস্তুত করেন, কিন্তু পরে সেটি মুলতুবি হয়ে যায়, অনেক সময় একাধিকবার। এর ফলে খুবই দুর্দশায় পড়তে হয় বিশেষত অপেক্ষাকৃত বেশি গুরুতর মামলাগুলিতে যেমন খুনের মামলাগুলি (প্রতিবেদনের অনুচ্ছেদ 5.1-5.40)।

সুপারিশসমূহ

আদালতের কাজকর্ম পরিচালনা

23. আদালতের কাজকর্মের পরিচালনা সংক্রান্ত বর্তমান ব্যবস্থাগুলি সম্পর্কে একটি পর্যালোচনায় এই সিদ্ধান্তে আসা গেছে যে ওপরে যে তিনটি বৈশিষ্ট্য চিহ্নিত করা হয়েছে সেগুলির সমাধানের জন্য বিচারবিভাগের মামলাগুলির পরিচালনা প্রয়োজন এবং সুপারিশ হল এই যে উচ্চ আদালতে উঠছে এমন সব মামলার ক্ষেত্রে একটি প্রারম্ভিক অধিবেশন (শুনানি) স্থির করা হোক (প্রতিবেদনের অনুচ্ছেদ . 6.1-6.26)।

বিবাদীকে সম্পূর্ণ তথ্য দেওয়া

24. অভিশংসকের ভূমিকা।

তদন্ত এগোনোর সঙ্গে সঙ্গে যাতে বিবাদীপক্ষকে সম্পূর্ণ তথ্য দেওয়া হয় তার জন্য অভিযুক্তের বিচার স্থির হওয়ার পরে যত তাড়াতাড়ি সম্ভব সাক্ষীদের একটি অস্থায়ী তালিকা বিবাদীকে পাঠাতে হবে। এর পরে অভিশংসক (প্রসিকিউটর), নিয়মিত তদন্ত সম্পর্কে তথ্য যখনই পাওয়া যাবে, বিবাদীকে সরবরাহ করবেন এবং তাঁদের সব প্রাসঙ্গিক সাক্ষ্যপ্রমাণ সম্পর্কে জানাবেন। অভিযুক্তকে মামলার সময় সংক্রান্ত খুঁটিনাটি সমন্বিত যে নথিপত্রগুলি দেওয়া হবে তার সঙ্গে অবশ্যই আগে জানানো হয় নি এমন সব নথির একটি প্রতিলিপি দিতে হবে। যদি আরও সাক্ষ্যপ্রমাণ পাওয়া যায় তবে সেগুলি পাঠানোর জন্য নথি পাঠানো এবং প্রারম্ভিক শুনানির মধ্যে একটি চূড়ান্ত সময়সীমা ঠিক করতে হবে।

25. সাক্ষীদের বিবৃতিসমূহ

একটি বিশেষ কাজের দল তৈরি করতে হবে যাঁরা দেখবেন যে কোন্ অবস্থায় রুটিন হিসাবে বিবাদীকে সাক্ষীর বিবৃতি সরবরাহ করা হবে।

26. **শাস্তিবিধানের ক্ষেত্রে ক্রমবিন্যস্ত ছাড়**

প্রাথমিক পর্যায়ে অভিযুক্তের দোষ স্বীকারের ক্ষেত্রে কোনো ক্রমবিন্যস্ত ছাড় দেওয়ার ব্যবস্থা অবশ্যই থাকা উচিত হবে না।

27. ফৌজদারি কার্যবিধি (স্কটল্যান্ড) আইন, 1995 এর 196 নং ধারাকে আরও শক্তিশালী করা

ওপরের বিধিবদ্ধ আইনটি অবশ্যই সংশোধন করতে হবে যাতে যে বিচারক সাজা দিচ্ছেন তিনি সেই পর্যায়টিও বিচার করেন যখন আত্মপক্ষ সমর্থনে দোষ স্বীকার করা হয়েছিল, কিন্তু তিনি এটি গ্রাহ্য নাও করতে পারেন যদি বিচারের শুনানির সময় দোষ স্বীকার করা হয় (প্রতিবেদনের অনুচ্ছেদ 7.1-7.22 35)।

প্রারম্ভিক অধিবেশন

28. প্রারম্ভিক অধিবেশনের উদ্দেশ্য

এই শুনানির প্রধান লক্ষ্য হল সেই সব মামলাগুলি চিহ্নিত করা যেখানে বিচারের প্রয়োজন আছে।

29. **অবিতর্কিত সাক্ষ্যপ্রমাণের নোটিশ**

যেখানে ফৌজদারি আদালত অবিতর্কিত সাক্ষ্যপ্রমাণের নোটিশ দিয়েছে, সেখানে বিবাদীপক্ষ সেটিকে চ্যালেঞ্জ জানালে চ্যালেঞ্জের কারণ জানাতে হবে।

30. বিবাদীপক্ষের নোট

বিবাদীপক্ষ অবশ্যই আত্মপক্ষ সমর্থনের ধরন সম্পর্কে একটি নোট তৈরি করবে যাতে শুনানির আগে মামলার আসল বিষয়গুলির দিকে মনোযোগ নিবদ্ধ থাকে। যদিও আদালতের অধিকার আছে এই ধরনের নোট তৈরি করা হয়েছে কি না সে সম্পর্কে জানতে চাওয়ার, তবু এই নোটটি গোপন রাখা হয়।

31. প্রাক্-প্রারম্ভিক অধিবেশন সভা

শুনানির আগে উভয় পক্ষ সাক্ষাৎ করে ঠিক করবে বিচারের জন্য কোন্ কোন্ সাক্ষীর প্রয়োজন আছে। এই সাক্ষাৎকারটি হয়েছে এটা প্রত্যয়িত করে এবং তার ফলাফল উল্লেখ করে একটি নোট আদালতে পেশ করতে হবে।

32. সাক্ষ্যপ্রমাণের সঙ্গে একমত হতে চেষ্টা করার কর্তব্য

আদালতের অধিকার আছে নোটটি তৈরি করা হয়েছে কি না এবং যে বিশেষ বিষয়গুলি বিতর্কিত অথবা মামলাটি পরিচালনার ক্ষেত্রে অসুবিধার সৃষ্টি করতে পারে সেগুলি চিহ্নিত করা হয়েছে কি না সে সম্পর্কে জিজ্ঞাসা করা। অন্যথায় নোটটি গোপনীয় থাকবে।

33. যে সব বিষয় উত্থাপন করা যাবে

যে বিষয়গুলি বর্তমানে একটি প্রারম্ভিক অধিবেশনের বিষয় হতে পারে তার সবগুলিই শোনার পক্ষে উপযুক্ত ক্ষেত্র হতে পারে এই শুনানিটি। বর্তমানে স্মারকলিপির সাহায্যে অন্য যে বিষয়গুলি উত্থাপন করা হয় তার সবগুলিই এই শুনানিতে তোলা উচিত।

33. নোটিশের সময়কাল হিসাব করা

প্রারম্ভিক অধিবেশনের আগেই সাক্ষীদের তালিকা এবং বিবাদীপক্ষের জন্য প্রদর্শনগুলি এবং আসামীর সমর্থনে কৌঁসুলির বিশেষ সওয়াল-জবাব আদালতে পেশ করতে হবে। বর্তমানে বলবৎ আছে এমন সব সময়সীমাগুলিকে যুক্তিগ্রাহ্য করে তোলা উচিত যাতে সব আবেদন শুনানির সাত দিনের মধ্যে জমা করা বাধ্যতামূলক হয় (প্রতিবেদনের অনুচ্ছেদ 8.1 –8.21)।

34. **সাক্ষ্যপ্রমাণের গ্রহণযোগ্যতা সংক্রান্ত বিতর্ক সম্পর্কে শুনানি**

আরেকটি বিষয় হল এই যে সাক্ষ্যপ্রমাণের গ্রহণযোগ্যতা সম্পর্কে কোনো প্রশ্ন, যেটি আদালতের বিচারে সুবিধাজনকভাবে বিচারের আগেই সমাধান করা যেতে পারে, অবশ্যই এই শুনানিতে উত্থাপন করতে হবে।

প্রারম্ভিক অধিবেশনের সময়সুচি এবং সময়সীমা

35. অভিযোগপত্র পৌঁছনো এবং প্রারম্ভিক শুনানির মধ্যবর্তী সময়

প্রারম্ভিক অধিবেশনকে তার উদ্দেশ্যটি, অর্থাৎ মামলাটি বিচারের জন্য তৈরি হলেই বিচারের ব্যবস্থা নিশ্চিত করা, সাধন করতে হলে অধিবেশনের জন্য প্রস্তুত হতে বিবাদীপক্ষকে যথেষ্ট সময় দিতে হবে। প্রারম্ভিক অধিবেশনটি 110 দিনের মধ্যে করতে হবে এবং বিচার 140 দিনের মধ্যে শুরু করতে হবে। 2001 সালে এই 110 দিনের সময়সীমাটি প্রায় 23% মামলায় কমপক্ষে একবার বাড়ানো হয়েছে এবং এই বাড়ানোর পেছনে যে কারণটির কথা বলা হয়েছে তা হল বিবাদীপক্ষ মামলার জন্য প্রস্তুত হতে বেশি সময় চেয়েছে। 110 দিনের বিধিটির প্রস্তাবিত মেয়াদবৃদ্ধি বহুসংখ্যক উচ্চ আদালতের মামলায় যা হয়ে থাকে তারই স্বীকৃতি।

36. ভবিষ্যতে 110 দিনের বিধি

প্রারম্ভিক অধিবেশনটি 110 দিনের মধ্যে এবং বিচার 140 দিনের মধ্যে শুরু করা উচিত।

37. অভিযুক্তের অধিকারগুলির সুরক্ষা

যদি প্রারম্ভিক শুনানির সময় মামলাটি বিচারের জন্য পাঠানোর মত প্রস্তুত না হয় তবে অভিযুক্তকে জামিনের জন্য আবেদন করার এবং জামিন সাপেক্ষে ছেড়ে দেওয়ার সুযোগ দেওয়া হবে। এছাড়া যদি অভিযুক্ত প্রাথমিক পর্যায়েই বিচারের জন্য প্রস্তুত হয়ে যায় তবে তিনি/তাঁরা আদালতের কাছে প্রারম্ভিক অধিবেশনটি ত্বরান্বিত করার জন্য আবেদন করতে পারেন যাতে তাড়াতাড়ি একটি বিচারের তারিখ দেওয়া হয়। বর্তমানে যদি 110 দিনের সময়সীমাটি লঙ্ঘন করা হয় তবে অভিযুক্তকে ছেড়ে দেওয়া হয় এবং ঐ অভিযোগে তাকে আবার অভিযুক্ত করা যায় না। এই বিধিটি সংশোধন করা উচিত যাতে অভিযুক্ত জামিনের জন্য আবেদন করতে পারেন এবং তাঁকে জামিনের বিনিময়ে ছেড়ে দেওয়া হয় এবং ঐ সময় থেকে 12 মাসের সময়সীমাটি প্রযোজ্য হবে।

38. **140 দিনের সময়কালের মেয়াদ বৃদ্ধি**

কোনো কোনো মামলায় এই সময়কালটির মেয়াদ বৃদ্ধি করার প্রয়োজন হতে পারে।

39. **12 মাসের বিধি**

বেশিরভাগ ক্ষেত্রে বর্তমানের 12 মাসের সময়সীমাটি অপরিবর্তিত থাকবে; অর্থাৎ 12 মাসের মধ্যে যদি অভিযুক্তের বিচার না হয় তবে তাঁকে অভিযোগ থেকে নিষ্কৃতি দেওয়া হবে এবং ঐ অভিযোগে আর তাঁকে দোষী সাব্যস্ত করা যাবে না।

40. **9 মাসের বিধি**

যে সব ক্ষেত্রে অভিযুক্তকে কয়েদ করে রাখা হয় নি সেখানে প্রারম্ভিক শুনানিটি আদালতে হাজির হওয়ার ন'মাসের মধ্যে করতে হবে।

41. **খুব জটিল মামলাগুলির বিষয়ে ব্যবস্থা নেওয়া**

জটিল মামলাগুলির ক্ষেত্রে আদালত আইনসম্মতভাবে 80 দিন এবং 110 দিনের সময়সীমাগুলির মেয়াদ বৃদ্ধি করতে পারবে অভিযোগপত্র পাঠানোর আগেই।

42. অন্যান্য পরিস্থিতিতে সময়সীমার মেয়াদ বৃদ্ধি

এই পরিবর্তনগুলি উচ্চ আদালতের মতই শেরিফের আদালতেও প্রযোজ্য হবে এবং শেরিফের আদালতে কয়েদ করে রাখার সময়সীমা বাড়াতে হলে শেরিফের কাছে আবেদন করতে হবে। বিভিন্ন সময়সীমা বাড়ানোর ক্ষেত্রে অনুমোদনের কারণগুলি একত্রিত করতে হবে এবং এর একমাত্র কারণ হবে "দর্শিত কারণ অনুযায়ী"।

43. 140 দিনের বিধি লঙ্ঘন করার অনুমোদন

বর্তমানে যদি 110 দিনের সময়সীমাটি লঙ্ঘন করা হয় তবে অভিযুক্তকে ছেড়ে দেওয়া হয় এবং ঐ অভিযোগে তাকে পুনরায় অভিযুক্ত করা যায় না। এই বিধিটি সংশোধন করে অভিযুক্তকে জামিনের জন্য আবেদন করতে দিতে হবে এবং তাঁকে জামিনের বিনিময়ে ছেড়ে দিতে হবে এবং ঐ সময় থেকে 12 মাসের সময়সীমাটি প্রযোজ্য হবে।

আদালতের অবস্থান

44. **বিভিন্ন আদালতে ঘুরে ঘুরে বিচারের ঐতিহ্য**

স্কটল্যান্ড জুড়ে উচ্চ আদালত বসতে থাকবে।

45. কোথায় মামলার শুনানি হওয়া উচিত

অ্যাবারডীন এবং ডান্ডি

অ্যাবারডীন এবং ডান্ডি উভয় স্থানেই অতিরিক্ত সম্পদের প্রয়োজন যাতে প্রায়শই এই দুটি জায়গায় আদালত বসতে পারে।

46. **অন্য আদালতে মামলার দায়িত্ব হস্তান্তর**

প্রশাসনিকভাবে বিভিন্ন আদালতের মধ্যে মামলার দায়িত্ব হস্তান্তরযোগ্য হতে হবে যদি উভয় পক্ষ এই ব্যাপারে একমত হয় এবং এর জন্য কোনো পক্ষের উপস্থিতির প্রয়োজন হবে না এবং কোনো কোনো ক্ষেত্রে দুটি আদালত একসঙ্গে না বসলেই একটি উপযুক্ত আদালত কক্ষে মামলাটি পাঠানো সম্ভব (প্রতিবেদনের অনুচ্ছেদ 10.1-10.17)।

প্রারম্ভিক অধিবেশনের আদালত

47. **প্রারম্ভিক অধিবেশনগুলি কোথায় হতে পারে**

শুরুতে প্রারম্ভিক অধিবেশনগুলি শুধুমাত্র এডিনবরা এবং গ্লাসগোতে হবে এবং এই পদ্ধতিটির সঙ্গে পরিচয় ঘটাতে বরিষ্ঠ বিচারকরা থাকবেন।

48. **প্রারম্ভিক অধিবেশনে আদালতের কাজকর্ম পরিচালনা করা**

অ্যাবারডীন যদি একটি সম্পূর্ণ সময়ের উচ্চ আদালত হিসাবে কাজ করতে থাকে তবে তখন শুনানির কাজ সেখানেও হবে বলে নির্দিষ্ট করে দেওয়া যাবে।

49. **বিচারকের নতুন ভূমিকাটি প্রতিষ্ঠা করা**

এই উদ্দেশ্যে গ্লাসগোতে যে বিচারক নিযুক্ত হয়েছেন তিনি অবশ্যই ছ'মাস থাকবেন।

50. **প্রারম্ভিক অধিবেশনের সময়সুচি**

যে কৌঁসুলিরা বিচারটি পরিচালনা করবেন তাঁদের উপস্থিত থাকতে উৎসাহ দিতে শুনানি এমন সময়ে স্থির করা হবে যাতে তাঁদের ইতিমধ্যে চলছে এমন মামলাগুলির প্রতি দায়বদ্ধতা ক্ষতিগ্রস্ত না হয়।

51. বিচারের অধিবেশনগুলির কর্মসুচি ঠিক করা

বিচারের অধিবেশনগুলির সময় স্থির করার সঙ্গে সঙ্গে "ভাসমান মামলাগুলিও" অপেক্ষাকৃত কম কর্মব্যস্ত সময়ে স্থির করতে হবে। আদালতের কেরানির কাছে যাতে সব কাজের জন্য পাওয়া যাবে এমন তারিখগুলির সম্পূর্ণ বিবরণ থাকে তার জন্য একটি বৈদ্যুতিন দিনপঞ্জী ব্যবস্থা চালু করতে হবে।

52. যে সব বিচারগুলি এগিয়ে নিয়ে যাওয়া যাচ্ছে না

যদি বিচারের শুনানিতে অভিযুক্ত উপস্থিত না হন তবে তাকে গ্রেপ্তারের জন্য একটি পরোয়ানা জারি করতে হবে এবং আরও একটি প্রারম্ভিক শুনানি বা বিচারের দিন নির্দিষ্ট করতে হবে।

53. অভিযুক্তের অনুপস্থিতিতে বিচার

কোনো কোনো অবস্থায় অভিযুক্তের অনুপস্থিতিতেই বিচারের কাজ এগিয়ে নিয়ে যাওয়া হবে।

54. প্রশিক্ষণ

যাঁরা নতুন পরিকল্পনা অনুযায়ী কাজ করবেন তাঁদের প্রত্যেককে প্রশিক্ষণ নিতে হবে (প্রতিবেদনের অনুচ্ছেদ 11.1-11.21)।

গ্ল্যাসগোর উচ্চ আদালত

55. গ্ল্যাসগোর বর্তমান প্রথাগুলি

তত্ত্ব অনুসারে বিচারকদের করণিক এবং কারপরদাজেরা প্রত্যেক দ্বিতীয় সোমবার দুসপ্তাহের জন্য গ্ল্যাসগোতে কাজ করতে যান, কিন্তু বাস্তবে এটা সবসময় হয় না কারণ বিচারগুলি সময়সীমার বাইরেও অনেকক্ষণ চলতে থাকে এবং ঐ সময়ে বিচারকরা উপর্যুপরি শুনানির জন্য বসতে পারেন।

56. সম্পূর্ণ সময়ের করণিকগণ

গ্ল্যাসগোতে আদালতে সম্পূর্ণ সময়ের করণিকরা অবশ্যই নিযুক্ত হবেন কাজকর্ম পরিচালনায় সাহায্য করার জন্য।

57. সরকারি অভিশংসক নিযুক্ত পরিচালক

ফৌজদারি আদালতের অফিসের নিজস্ব আভ্যন্তরীণ প্রতিবেদনের আলোকে এই পদটির বিষয়ে পুনর্বিবেচনা করা উচিত।

58. ফ্যাকাল্টি অব অ্যাডভোকেটস্ - প্রশাসনিক সহায়তা

ফ্যাকাল্টি অব অ্যাডভোকেটস্ অবশ্যই গ্ল্যাসগোতে একজন প্রশাসনিক সহায়ক নিযুক্ত করবেন।

59. বিচারক

60. বিচারকদের অবশ্যই বর্তমানের তুলনায় বেশি সময় বিচারের কাজে বসা উচিত।

61. অস্থায়ী বিচারক

অস্থায়ী বিচারকরা হয় একটি খোলা অবধির জন্য অথবা বেশি সময়ের জন্য যেমন ছ'মাস কাজের জন্য দায়বদ্ধ হবেন (প্রতিবেদনের অনুচ্ছেদ 12.1-12.18)।

একই সময়ে বিচার হচ্ছে এমন মামলাগুলি

62. বর্তমানে আদালতে কী ধরনের মামলার শুনানি হচ্ছে

যে সব মামলায় সাজার মেয়াদ শেরিফের সাজা দেওয়ার ক্ষমতার বেশি হয় সেই সব মামলার বিচার এবং যে সব মামলায় আইনের দিক থেকে অভিনব কিছু থাকে অথবা জটিলতা থাকে অথবা যে মামলার ব্যাপারে জনগণ বিশেষভাবে উৎসুক থাকেন সেই সব মামলার বিচার উচ্চ আদালতেই হওয়া উপযুক্ত বলে মনে করা হয়।

63. **উচ্চ আদালতে একসঙ্গে বিচার হয়েছে এমন মামলাগুলির ঐতিহাসিক অগ্রগতি**

কতকগুলি বিশেষ অপরাধের বিচার করার ক্ষমতা শুধুমাত্র উচ্চ আদালতেরই আছে। সময়ের সঙ্গে সঙ্গে শেরিফের সাজা দেওয়ার ক্ষমতা বেড়েছে এবং এখন শেরিফ তিন বছর পর্যন্ত মেয়াদের জন্য শাস্তি দিতে পারেন। 2001 সালে উচ্চ আদালতে অভিযুক্তদের মধ্যে 13% হাজতবাসের সাজা না পেয়েই মামলার নিষ্পত্তি হয়েছে এবং আরও 26% মামলায় এমন আটক রাখার সাজা দেওয়া হয়েছে যা আইনসম্মতভাবে শেরিফের আদালতেও দেওয়া যেতে পারত।

64. শেরিফের সাজা দেওয়ার ক্ষমতা - সঠিক সীমা

আটের দশকের গোড়া থেকে মাদকদ্রব্য চোরাচালানের মামলাগুলি উচ্চ আদালতে পাঠানোর সংখ্যা অনেক বেড়ে গেছে যাদের মধ্যে অনেকগুলিতেই ওষুধের পরিমাণ মাঝারি মাপের ছিল এবং বাণিজ্যিক কেন্দ্রগুলিতে ডাকাতির সংখ্যা বেড়েছে, অনেকসময় কাজ চালাবার মত অস্ত্রশস্ত্র নিয়েই। সাধারণভাবে এই মামলাগুলিতে উচ্চ আদালতের বিচারকদের প্রধান বিচারক হিসাবে থাকবার প্রয়োজন হয় না। উচ্চ আদালতের বিচারকরা সব থেকে গুরুতর অপরাধের মামলাগুলির বিচার করেন এবং যে সব মামলার খুব ভালভাবেই শেরিফের আদালতে বিচার হতে পারে সেগুলিতে উচ্চ আদালতের বিচারকদের যুক্ত করা উচিত নয়। শেরিফের দেওয়া সাজার মেয়াদ বাড়িয়ে পাঁচ বছর করা উচিত যাতে উচ্চ আদালত বর্তমানে যে সব কম গুরুত্বপূর্ণ মামলার বিচারে নিযুক্ত আছেন এবং যেগুলির বেশিরভাগ ওপরে যে ধরনের মামলা বর্ণনা করা হয়েছে সেই ধরনের, সেগুলিকে শেরিফের আদালতে পাঠানো যায়। উচ্চ আদালতে সাজা দেওয়ার জন্য উপযুক্ত মামলাগুলি পাঠিয়ে দেওয়ার যে ক্ষমতা শেরিফের আছে সেটি অবশ্যই থাকা উচিত।

65. পরিবর্তনের জন্য প্রস্তুতি

শেরিফদের এই বর্ধিত ভূমিকার জন্য অবশ্যই তাঁদের প্রশিক্ষণের ব্যবস্থা করা উচিত (প্রতিবেদনের অনুচ্ছেদ 13.1-13.22)।

সম্পদসমূহ

66. সংজ্ঞা

ফৌজদারি বিচার ব্যবস্থায় সব থেকে গুরুত্বপূর্ণ সম্পদ হল কর্মীরা এবং যাঁরা ফৌজদারি আদালতের এবং বিবাদীপক্ষের প্রতিনিধিত্ব করছেন তাঁদের যোগ্যতা এবং অধ্যবসায়ের গুরুত্ব খুবই বেশি।

67. **ফৌজদারি আদালত**

এই প্রতিবেদনের সুপারিশগুলি বাস্তবে রূপায়ণ করতে হলে ফৌজদারি আদালতের অতিরিক্ত সম্পদের প্রয়োজন হবে।

68. **বিবাদীপক্ষকে অর্থসাহায্য করা**

উচ্চ আদালতের কাজে যে সব কৌঁসুলি বা সলিসিটর যুক্ত আছেন তাঁদের লিগ্যাল এইড্ পারিশ্রমিকের হার গত দশ বছরে বাড়েনি যদিও প্রত্যেকটি মামলার ক্ষেত্রে গড় অর্থের পরিমাণ বেড়েছে। এই বৃদ্ধির অংশত কারণ হল এই যে মামলাগুলি ক্রমশই আরও জটিল হচ্ছে এবং মামলাগুলি অবিচ্ছিন্নভাবে চলতে থাকছে।

69. **কৌঁসুলির অবস্থান**

ফ্যাকাল্টি অব অ্যাড্ভোকেটস্ এবং স্কটিশ এক্সিকিউটিভ এর মধ্যে একটি পারিশ্রমিকের বিন্যাসক্রম পরিকল্পনা বিষয়ে আলাপ-আলোচনা হওয়া উচিত।

70. **প্রারম্ভিক অধিবেশনের ফী**

প্রারম্ভিক অধিবেশনের ফী'র মধ্যে যে কৌঁসুলি মামলাটি পরিচালনা করবেন তাঁর ঐ অধিবেশনে উপস্থিত হওয়ার জন্য দক্ষিণা ধরে নিতে হবে বিচারের প্রথম দিনের ফী'র সঙ্গে।

71. **কৌঁসুলি এবং সলিসিটর উকিলদের নিযুক্তির অনুমোদন**

যদি শেরিফের আদালতের এক্তিয়ার বাড়ানো হয় তবে কৌঁসুলির নিযুক্তির অনুমোদনের ব্যাপারে স্কটিশ লিগ্যাল এইড্ বোর্ড তাদের নীতিগুলি পর্যালোচনা করবে (প্রতিবেদনের অনুচ্ছেদ 14.1-14.24)।

অভিযুক্ত, সাক্ষী এবং জুরির সদস্যদের উপস্থিত করার ব্যবস্থা করা

72. হাজতে আছেন এমন অভিযুক্তকে অপ্রয়োজনে উপস্থিত করার দৃষ্টান্তগুলি দূর করা

অভিযুক্ত ব্যক্তিদের তখনই উপস্থিত হওয়ার প্রয়োজন হবে যখন উপস্থিতিটি আনুষ্ঠানিক ছাড়া অন্য কোনো কারণে। আনুষ্ঠানিক উপস্থিতির জন্য সিসিটিভি'র ব্যবহার বিবেচনা করে দেখা উচিত।

73. সাজা ঘোষণার জন্য মুলতুবি রাখা

যে সব মামলা সাজা ঘোষণার জন্য চালানো হচ্ছে সেগুলির ক্ষেত্রে অভিযুক্তদের যেখানেই সম্ভব হবে বিচারক যে আদালতে বসছেন সেই আদালতে হাজির করতে হবে। যদি এটা বাস্তবে সম্ভব না হয় অথবা যদি এটা আশা করা অযৌক্তিক হয় যে আগ্রহী পক্ষরা অনেক দূরত্ব অতিক্রম করে আসবেন তবে প্রশাসনিকভাবে আরেকটি তারিখ ঠিক করতে হবে যাতে অভিযুক্তের উপস্থিতির প্রয়োজন না হয়। প্রতিবেদনগুলি তৈরি করার জন্য একজন অভিযুক্ত ব্যক্তিকে যে সময়সীমার জন্য তদন্তসাপেক্ষে হাজতে পাঠানো হয় তা অবশ্যই বাড়িয়ে চার সপ্তাহ করা উচিত অথবা যেক্ষেত্রে কারণ দর্শান হবে সেক্ষেত্রে আট সপ্তাহ করা উচিত।

74. **জামিনে ছাড়া হয়েছে এমন অভিযুক্তের উপস্থিতি**

জামিনের সাধারণ শর্ত হিসাবে অভিযুক্ত ব্যক্তিগণ মামলার ডাক পড়ার কমপক্ষে 45 মিনিট আগে উপস্থিত হবেন, এবং আদালতের কর্মদিবসের শেষে ঐ পরিমাণ সময় তাঁকে অপেক্ষা করতে হবে। অভিযুক্তকে এমন অপেক্ষা করার জায়গা দিতে হবে যাতে জামিন পেয়েছেন এমন অভিযুক্ত ব্যক্তি এবং সাক্ষী ও ক্ষতিগ্রস্ত এবং ক্ষতিগ্রস্তের পরিবারের মধ্যে যত কম সম্ভব যোগাযোগ হওয়া সুনিশ্চিত হয়।

75. **ভবিষ্যতে সমন পাঠিয়ে সাক্ষীদের আদালতে হাজির হতে বলা**

সমন পাঠিয়ে সাক্ষীদের আদালতে হাজির হতে বলার প্রথাটি সারা স্কটল্যান্ডে একরকম হবে। হয় এমন একটি সংস্থা থাকবে যাদের একমাত্র দায়িত্ব হবে সাক্ষীদের আদালতে হাজিরার ব্যাপারে ব্যবস্থা নেওয়া এবং এঁরা ফৌজদারি আদালতের কাছে দায়বদ্ধ থাকবেন; অথবা পুলিশের সমন পাঠিয়ে সাক্ষীদের আদালতে হাজির হতে বলার দায়িত্ব নেওয়ার বর্তমান ব্যবস্থা চলতে থাকবে।

76. **অনিচ্ছুক সাক্ষী**

সাক্ষীকে প্রাথমিক জেরা করার প্রক্রিয়া চালু থাকার সময় সাক্ষীদের সম্পর্কে আরও তথ্য সংগ্রহ করা উচিত এবং এ বিষয়টিও জানানো উচিত যে সাক্ষীদের আদালতে উপস্থিত করতে কোনো বিশেষ ব্যবস্থার প্রয়োজন আছে কি না।

77. **আত্মগোপন করে থাকতে চাইছেন এমন সাক্ষী**

আদালতকে স্বাধীনতা নিয়ন্ত্রণের আদেশ জারি করার ক্ষমতা দিতে হবে বিচার শেষ না হওয়া পর্যন্ত যাতে অনিচ্ছুক সাক্ষীদের বৈদ্যুতিন মাধ্যমের সাহায্যে জুড়ে রাখা যায় এবং তাঁদের গতিবিধির ওপর নজর রাখা যায়।

78. বিচারের প্রথম এবং পরবর্তী দিনগুলিতে সাক্ষীদের উপস্থিতি

79. সরকারি চাকরি করেন এমন সাক্ষীরা বিচার চলাকালীন প্রতিদিন সন্ধ্যায় এক লাইনের তথ্য টেলিফোনের মাধ্যমে জানাবেন এটা দেখার জন্য যে তাঁদের আদালতে উপস্থিত হওয়া প্রয়োজন কি না।

80. **প্রারম্ভিক অধিবেশনে সাক্ষীদের লভ্যতা সংক্রান্ত তথ্য**

প্রারম্ভিক শুনানির সময় সাক্ষীদের লভ্যতা সম্পর্কিত তথ্য অবশ্যই পাওয়া উচিত।

81. জুরির সভ্য

সম্ভাব্য জুরির সভ্যদের চিহ্নিত করতে এবং আদালতে উপস্থিত থাকাকালীন তাঁদের সঠিকভাবে পরিচালনা করতে একটি অপেক্ষাকৃত ভাল পদ্ধতি থাকা উচিত।

82. **আদালতের কর্মদিবস**

আদালতের একটি কাজের দিন সকাল 10 টা থেকে বিকেল 4.30 টা পর্যন্ত চলা উচিত (প্রতিবেদনের অনুচ্ছেদ 15.1-15.51)।

আদালতে বিভিন্ন পক্ষের জন্য সহায়তা

83. **সাক্ষী পরিসেবা**

সাক্ষী পরিসেবা উচ্চ আদালত পর্যন্ত প্রসারিত করা উচিত। মামলার অগ্রগতি সম্পর্কে সাক্ষীদের নিয়মিত তথ্য সরবরাহ করা উচিত।

৪4. **ক্ষতিগ্রস্তদের নিকটতম আত্মীয় এবং নিরাপত্তাহীন সাক্ষীদের জন্য থাকার জায়গা**

ক্ষতিগ্রস্ত এবং তাঁদের পরিবারদের থাকার জায়গা দেওয়া উচিত এবং আদালত কক্ষ থেকে ঐ থাকার জায়গায় সরাসরি সিসিটিভি সংযোগ দেওয়ার কথা বিবেচনা করা উচিত।

৪5. **নিরাপত্তাহীন এবং শিশু সাক্ষীদের সাক্ষ্য নেওয়ার বন্দোবস্ত**

সাক্ষীদের জন্য বিশেষ বন্দোবস্তের আবেদন সমন্বিত কাগজপত্র বিচারের নথিপত্রের সঙ্গে যুক্ত করতে হবে। যে সব মামলা ক্ষতিগ্রস্ত, সাক্ষী বা অভিযুক্ত হিসাবে শিশুদের ওপরে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি করতে পারে সেগুলি প্রারম্ভিক শুনানির সময় আদালতের নজরে আনা উচিত যাতে যত তাড়াতাড়ি সম্ভব বিচারের বন্দোবস্ত করা যায় (প্রতিবেদনের অনুচ্ছেদ 16.1-16.22)।

অধিকার হস্তান্তরের বিষয়গুলি

৪6. স্কটল্যান্ড আইনের 6 নং তফশিলটি অবশ্যই সংশোধন করা উচিত যাতে এটা স্পষ্ট হয় যে অভিশংসক (প্রসিকিউটর) হিসাবে লর্ড অ্যাডভোকেটের বা তাঁর ক্ষমতাবলে বা তাঁর পক্ষে কাজ করছেন এমন কারুর কোনো পদক্ষেপ নেওয়া বা পদক্ষেপ নেওয়ার ক্ষেত্রে ব্যর্থতা "অধিকার হস্তান্তরের বিষয়গুলির" সংজ্ঞার বাইরে হবে (প্রতিবেদনের অনুচ্ছেদ 17.1-17.14)।

অন্যান্য বিষয়

87. আদালতের বিচারকার্য সংশ্লিষ্ট বিজ্ঞানী এবং বিকারবিদগণ (ফরেনসিক্ সায়েনটিস্ট অ্যান্ড প্যাথোলজিস্ট)

ফৌজদারি আদালত অবশ্যই এই মর্মে জানাবেন যে তাঁরা সাক্ষী তালিকার অন্তর্ভুক্ত একজন বা দুজন ফরেনসিক্ বিকারবিদের সাক্ষ্যপ্রমাণের ওপর নির্ভর করছেন কিন্তু এটা নির্দিষ্ট করে বলবেন না যে তিনি কে।

উপসংহার

৪৪. এই পর্যালোচনাটির ব্যাপ্তি বহুদূর পর্যন্ত বিস্তৃত এবং এতে সরকারি অভিশংসককে একটি মামলার বিষয়ে জানানো থেকে মামলাটির চূড়ান্ত নিষ্পত্তি হওয়া পর্যন্ত বিবিধ বিষয় এর অন্তর্ভুক্ত হয়েছে। পর্যালোচনায় যে পদ্ধতি প্রস্তাব করা হয়েছে তা অবশ্যই আদালতের কাজকর্মের পরিচালনায় আরও বেশি নিশ্চয়তা আনবে যার ফলে সাধারণ জনগণের মধ্যে যাঁদের ফৌজদারি বিচার ব্যবস্থার মধ্যে আসতে হয়, তাঁদের সব থেকে কম অসুবিধার সম্মুখীন হতে হবে। এতে ক্ষতিগ্রস্তদের অধিকার এবং অভিযুক্তদের অধিকারগুলির মধ্যে একটি ভারসাম্য বজায় রাখার চেষ্টা করা হয়েছে যাতে একটি সামঞ্জস্যপূর্ণ ব্যবস্থার সৃষ্টি হয় এবং ফলত স্কটল্যান্ডের ফৌজদারি বিচার ব্যবস্থার প্রতি জনসাধারণের বিশ্বাস বাড়ে।

সুপারিশগুলির একটি তালিকা সংযোজিত হল।